

আগামী ৩ জুলাই ফাজিল স্নাতক প্রথম বর্ষ ও ১০ জুলাই ফাজিল স্নাতক (বিশেষ) পরীক্ষা

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে মাদ্রাসা বোর্ডের (সারাদেশের ১ হাজার ৪০০ মাদ্রাসা) 'ফাজিল স্নাতক প্রথম বর্ষ পরীক্ষা ২০০৭' আগামী ৩ জুলাই শুরু হবে। এছাড়া ফাজিল স্নাতক ৩০০ নম্বরের বিশেষ পরীক্ষা শুরু হবে আগামী ১০ জুলাই। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক (ডায়রাক্ট) মোহাম্মদ আলী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তি অনুযায়ী, আগামী ৩ জুলাই বুধসপ্তাহের ফাজিল স্নাতক প্রথম বর্ষের বাংলা (আবশ্যিক), ৮ জুলাই উলুমুল কোরআন ওয়াল হাদিস প্রথম পত্র (তাকসিরুল কোরআন), ১৩ জুলাই উলুমুল কোরআন ওয়াল হাদিস দ্বিতীয় পত্র (আল হাদিস) এবং ১৭ জুলাই উলুমুল কোরআন ওয়াল হাদিস তৃতীয় পত্র (আল আকাইদ আল ইসলামিয়াহ) পরীক্ষা অনুষ্ঠিত হবে।

আগামী ১০ জুলাই ফাজিল স্নাতকের (বিশেষ) ইসলামিক স্টাডিজ প্রথম পত্র/ইসলামের ইতিহাস প্রথম পত্র/আল দাওয়াহ আল

ইসলামিয়াহ প্রথম পত্র/লোক প্রশাসন প্রথম পত্র/আরবি প্রথম পত্র, ১৫ জুলাই ইসলামিক স্টাডিজ দ্বিতীয় পত্র/ইসলামের ইতিহাস দ্বিতীয় পত্র/আল দাওয়াহ আল ইসলামিয়াহ দ্বিতীয় পত্র/লোক প্রশাসন দ্বিতীয় পত্র/আরবি দ্বিতীয় পত্র এবং ২০ জুলাই ইসলামিক স্টাডিজ তৃতীয় পত্র/ইসলামের ইতিহাস তৃতীয় পত্র/আল দাওয়াহ আল ইসলামিয়াহ তৃতীয় পত্র/লোক প্রশাসন তৃতীয় পত্র/আরবি তৃতীয় পত্র পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর সূত্রে জানা যায়, গ্রীষ্মের ছুটি চললেও পরীক্ষা গ্রহণের কাজ সম্পন্ন করার জন্য দপ্তর খোলা রয়েছে।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ফয়েজ মোহাম্মদ সিরাজুল হক বলেন, ফাজিল স্নাতক প্রথম বর্ষ ও ফাজিল স্নাতক বিশেষ পরীক্ষা গ্রহণের যাবতীয় কাজ প্রায় সম্পন্ন হয়েছে। আমরা নির্দিষ্ট সময়েই পরীক্ষা গ্রহণ করতে পারবো বলে আশা করছি।